



বাংলাদেশ কৃষি ব্যাংক
মানিলভারিং, সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ ও
ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ
প্রধান কার্যালয়

গণমানুষের ব্যাংক
dcamlco@krishibank.org.bd
ফোন : ০২-৪৭১২০৫১৩

৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা

নং-প্রকা/আরএমডি/এএমএল-৪/বাংলাদেশ ব্যাংক/২০২৩-২৪/২৮১৫

তারিখ : ২২-০১-২০২৪

- ০১। মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয় ও স্থানীয় মুখ্য কার্যালয়
 - ০২। উপমহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা
 - ০৩। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
 - ০৪। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা
 - ০৫। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
- বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় : শাখা পর্যায়ে BACH (BACPS এবং NIKASH BEFTN) লেনদেন কার্যক্রম সম্পাদনে জাল-জালিয়াতি রোধে সতর্কতা অবলম্বন প্রসঙ্গে।

মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

বিএফআইইউ সার্কুলার নং-২৬, তাং-১৬-০৬-২০২০ এবং “BKB Money Laundering & Terrorist Financing Risk Management Guidelines-2023” মোতাবেক ব্যাংক ব্যবস্থাপনার সদয় অনুমোদনক্রমে প্রধান কার্যালয়ের মানিলভারিং, সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ ও ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগের নির্বাহী/কর্মকর্তাগণকে নিয়ে গঠিত পরিদর্শন দল কর্তৃক দৈবচয়ন ভিত্তিতে ব্যাংকের কয়েকটি শাখা পরিদর্শন করা হয়।

উক্ত পরিদর্শন প্রতিবেদনে প্রতীয়মান হয়, শাখাসমূহ যথাযথ গুরুত্ব ও দায়িত্বসহকারে শাখার BACH (BACPS এবং NIKASH BEFTN) সংশ্লিষ্ট কার্যক্রম অনেক ক্ষেত্রেই যথাসময়ে সম্পাদন করে না। ফলে বিভিন্ন ধরনের জাল জালিয়াতির মাধ্যমে অর্থ আত্মসাতের ঝুঁকি তৈরী হচ্ছে। সবচেয়ে গুরুতর বিষয় হলো, অত্র ব্যাংকে ন্যূনতম পরিমাণ টাকা জমা দিয়ে হিসাব খুলে অথবা হিসাব বন্ধের পরেও উক্ত হিসাবের MICR চেক অন্য তফসিলি ব্যাংকের মাধ্যমে BACH এ উপস্থাপনপূর্বক টাকা আত্মসাতের চেষ্টা করা।

এক্ষেত্রে, ব্যাংকের আর্থিক ও সুনামগত ঝুঁকি নিরসনে BACH (BACPS এবং NIKASH BEFTN) সংশ্লিষ্ট কার্যক্রম সম্পাদনে শাখাসমূহকে যথাসময়ে নিম্নবর্ণিত পদক্ষেপসমূহ অনুসরণ করতে হবেঃ

- (১) অফিস আদেশের মাধ্যমে প্রতিটি শাখায় BACH (BACPS এবং NIKASH BEFTN) সংশ্লিষ্ট টেবিলে আবশ্যিকভাবে দক্ষ ও নির্ভরযোগ্য কর্মকর্তাকে দায়িত্ব দিতে হবে। পাশাপাশি, শাখা ব্যবস্থাপককে নিশ্চিত করতে হবে, উক্ত BACH (BACPS এবং NIKASH BEFTN) কর্মকর্তার এতদসংশ্লিষ্ট কাজে কোনক্রমেই যেন বিঘ্ন সৃষ্টি না হয়।
- (২) BACH (BACPS এবং NIKASH BEFTN) সংশ্লিষ্ট কাজে নির্ধারিত সময়সীমার মধ্যে সংশ্লিষ্ট কর্মকর্তার প্রয়োজনীয় কার্যাবলী যেমন- Cheque Processing, Inward Item Return প্রভৃতি সম্পাদনে ব্যর্থতা এবং তৎপ্রেক্ষিতে কোন আর্থিক অনিয়ম সংঘটিত হলে তার দায়ভার ব্যবস্থাপক ও সংশ্লিষ্ট কর্মকর্তাকে বহন করতে হবে।

এক্ষেত্রে, আবশ্যিকভাবে করণীয় -

(ক) BACPS এর High Value ও Regular Value Outward Cheque গ্রাহকের নিকট হতে গ্রহণের পর বিকেবির সংশ্লিষ্ট হিসাব ও গ্রাহকের নামের সঠিকতা যাচাই করে নিতে হবে;

(খ) প্রচলিত সার্কুলার অনুযায়ী ব্যক্তিক হিসাবের ক্ষেত্রে ০৫(পাঁচ) লক্ষ বা তদুর্ধ্ব পরিমাণ টাকা এবং প্রাতিষ্ঠানিক হিসাবের ক্ষেত্রে ০১ (এক) লক্ষ বা তদুর্ধ্ব পরিমাণ টাকা BACPS সেটেলমেন্টের ক্ষেত্রে গ্রাহকের নিকট হতে অবশ্যই PPI (Positive Pay Instruction) গ্রহণ করতে হবে।

(গ) BACPS Software এ প্রাপ্ত Message অনুসারে প্রতি কার্যদিবসে নির্ধারিত সময়ে High Value Inward/Outward Cheque এবং Regular Value Inward/Outward Cheque প্রসেস করতে হবে।

পরবর্তী পাতা/০২

(ঘ) BACPS এর High Value ও Regular Value Inward Cheque ডেবিট করার পূর্বে অবশ্যই Image এর সাথে হিসাব নম্বর, হিসাবের নাম, টাকার পরিমাণ (কথায় এবং অংকে), চেক নম্বর এবং সর্বোপরি MICR Line মিলিয়ে নিতে হবে। এক্ষেত্রে, কোন অসঙ্গতির কারণে Cheque টি Return করতে হলে তা নির্ধারিত সময়ের মধ্যেই Return করতে হবে।

(৩) BEFTN এর সেটেলমেন্ট রিপোর্ট নির্ধারিত সময়ের মধ্যে ভাউচারের মাধ্যমে সংশ্লিষ্ট BEFTN Outward আবেদনকারীর হিসাব বিয়োজন/ডেবিট করা হয়েছে কিনা নিশ্চিত করতে হবে।

এক্ষেত্রে, আবশ্যিকভাবে করণীয় -

(ক) BEFTN Inward এর ক্ষেত্রে যথাসময়ে গ্রাহকের নাম ও হিসাব নম্বরের সঠিকতা যাচাইপূর্বক ক্রেডিট করতে হবে;

(খ) ডেবিট ও ক্রেডিট লেনদেনের ক্ষেত্রে ইএফটিএন সেটেলমেন্ট চূড়ান্ত হওয়ার পরবর্তী ০২(দুই) সেশনের মধ্যে রিটার্ন কার্যক্রম সম্পন্ন করতে হবে। অর্থাৎ, সেশন-১ এর কোন লেনদেন রিটার্নযোগ্য হলে তা অবশ্যই সেশন-৩ এর মধ্যে রিটার্ন সম্পন্ন করতে হবে। পরবর্তী কার্যদিবসে কোনভাবেই ডেবিট রিটার্ন করা যাবে না। এক্ষেত্রে, সময়মত পদক্ষেপ নিতে ব্যর্থ হলে এতদসংক্রান্ত দায় সংশ্লিষ্টগণের উপর বর্তাবে।

(৪) উল্লেখ্য, প্রতি কার্যদিবস শেষে ক্লিয়ারিং এর সেটেলমেন্ট হিসাব এবং ইএফটিএন এর সেটেলমেন্ট হিসাব এর ক্ষেত্রে, নিম্নোক্ত আদায়যোগ্য খাত দুটি'র স্থিতি আবশ্যিকভাবে শূন্য হতে হবে যাতে উল্লিখিত সেটেলমেন্ট হিসাবসমূহে কোন টাকা অনিস্পন্ন না থাকে।

ক্লিয়ারিং এর সেটেলমেন্ট হিসাব	১৩১/১৫৭
ইএফটিএন এর সেটেলমেন্ট হিসাব	১৩১/১৫৬

(৫) BACH (BACPS এবং NIKASH BEFTN) সংশ্লিষ্ট কার্যসম্পাদনে কোন ধরনের জাল-জালিয়াতির ঘটনা পরিলক্ষিত হলে তা তাত্ক্ষণিকভাবে প্রধান কার্যালয়ের মানিলভারিং, সত্বাসে অর্থায়ন প্রতিরোধ ও ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগকে STR/SAR আকারে বা লিখিতভাবে অবহিত করতে হবে।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত
(এফ এম এ রহিম)
উপমহাব্যবস্থাপক
২২/১০/২০২৪

ও

উপপ্রধান মানিলভারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা
(DCAMLCO)

সদয় জ্ঞাতার্থে অনুলিপি :

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (আন্তর্জাতিক ও হিসাব মহাবিভাগ) ও প্রধান মানিলভারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (CAMLCO) মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০৫। উপমহাব্যবস্থাপক, আইসিটি অপারেশন বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকাকে পত্রটি বিকেবির অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
- ০৬। নথি/মহানথি।